

🗏 ইউনুস | Yunus | يُونُس

আয়াতঃ ১০: ৭৬

া আরবি মূল আয়াত:

فَلَمَّا جَآءَهُمُ الحَقُّ مِن عِندِنَا قَالُوا إِنَّ هٰذَا لَسِحرٌ مُّبِينٌ ﴿٧٧﴾

🗚 অনুবাদসমূহ:

অতঃপর যখন তাদের কাছে আমার পক্ষ থেকে সত্য এল, তারা বলল, 'নিশ্চয় এটি সুস্পষ্ট যাদু'। — আল-বায়ান অতঃপর আমার নিকট থেকে যখন তাদের কাছে প্রকৃত সত্য এসে পড়ল, তখন তারা বলল, "এটা তো অবশ্যই সুস্পষ্ট যাদু"। — তাইসিক্ল

অতঃপর যখন তাদের প্রতি আমার সন্নিধান হতে প্রমাণ পৌঁছল তখন তারা বলতে লাগল, নিশ্চয়ই এটা সুস্পষ্ট যাদু। — মুজিবুর রহমান

So when there came to them the truth from Us, they said, "Indeed, this is obvious magic." — Sahih International

৭৬. অতঃপর যখন তাদের কাছে আমাদের নিকট থেকে সত্য আসল তখন তারা বলল, এটা তো নিশ্চয়ই স্পষ্ট জাদু।(১)

(১) অর্থাৎ মূসার বাণী শুনে তারা সেই একই কথা বলেছিল যা মক্কার ফাফেররা বলেছিল মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কথা শুনে। কাফেররা বলেছিল, "এ ব্যক্তি তো পাক্কা জাদুকর" [সূরা ইউনুস: ২, অনুরূপ দেখুন, সূরা ছোয়াদঃ ৪] মূসা ও হারূন আলাইহিমাস সালামের দায়িত্ব তা-ই ছিল যা কুরআনের দৃষ্টিতে সকল নবীর নবুওয়াতের উদ্দেশ্য ছিল এবং সূরা নাযিআতে যে সম্পর্কে পরিষ্কারভাবে বর্ণনা করে বলে দেয়া হয়েছেঃ "ফিরআউনের কাছে যান, কারণ সে সীমা অতিক্রম করে গেছে এবং তাকে বলেন, তুমি কি নিজেকে শুধরে নেবার জন্য তৈরী আছো? আমি তোমাকে তোমার রবের দিকে পথ দেখাবো তুমি কি তাঁকে ভয় করবে? [১৭–১৯] কিন্তু ফিরআউন ও তার রাজ্যের প্রধানগণ এ দাওয়াত গ্রহণ করেনি।

তাফসীরে জাকারিয়া

- (৭৬) অতঃপর যখন তাদের প্রতি আমার নিকট হতে সত্য পৌঁছল, তখন তারা বলতে লাগল, 'নিশ্চয়ই এটা সুস্পষ্ট যাদু।'[1]
 - [1] যখন অস্বীকার করার কোন বিবেকগ্রাহ্য প্রমাণ না থাকে, তখন তা থেকে অব্যাহতি পাওয়ার জন্য বলে দেয় যে, এটা তো যাদু!



তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1440

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন